ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



চড়কাণ্ডে কঙ্গনার পাশে হৃতিক! পৃঃ ৫



ডি মারিয়ার গোলে আর্জেন্টিনার জয় পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৬২ ● কলকাতা ● ৩২ জ্যৈষ্ঠ, ১৪৩১ ● শনিবার ● ১৫ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## বাংলার রাজনীতির ময়দানে
# বঙ্গ বিজেপি নেতৃত্ব যত জমি হারাচ্ছে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলার রাজনীতির ময়দানে বঙ্গ বিজেপি নেতৃত্ব যত জমি হারাচ্ছে, ততই তাঁদের লড়াই কলকাতা হাইকোর্ট কেন্দ্রীক হয়ে পড়ছে। বার বার এই ঘটনা প্রমাণিত হয়ে গিয়েছে এবং হয়ে চলেছে। গতকাল অর্থাৎ ১৩ জুন রাজ্যপাল সি ভি আনন্দ বোসের সঙ্গে দেখা করতে রাজভবনে গিয়েছিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ।সব থেকে বড় কথা, এদিন কলকাতা হাইকোর্ট শুভেন্দু যখন খুশি যা খুশি করার ওপর একতা বড়সড় ধাক্কা দিয়েছে। ভোট পরবর্তী হিংসায় 'আক্রান্ত'দের নিয়ে আবার রাজ্যপালের সঙ্গে দেখা করতে চাইলে শুভেন্দু যখন খুশি গিয়ে রাজভবনে যে হত্যে দিতে পারবেন না, সেটা বুঝিয়ে দিয়েছে আদালত। জানিয়ে দিয়েছে, রাজ্যপালের সঙ্গে দেখা করতে হলে তাঁকে নতুন করে আবেদন করতে হবে। যদি রাজভবন অনুমতি

এরপর ৩ পাতায়

## রাজ্যপালকে চড়া সুরে আক্রমণ
# শাসক-বিরোধী সব পক্ষের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যপালকে চড়া সুরে আক্রমণ শাসক-বিরোধী সব পক্ষের। বাম, তৃণমূলের পর এবার বিজেপির নিশানাতেও রাজ্যপাল সি ভি আনন্দ বোস। রাজ্যপালের ভূমিকা নিয়ে প্রশ্ন তুললেন বিজেপির রাজ্যসভার সাংসদ। রাজ্যপাল থাকার অর্থ কী? চাঁচাছোলা ভাষায় প্রশ্ন শমীক ভট্টাচার্যের। সাংবাদিক বৈঠকে এ নিয়ে তিনি বলেন, "ভোট পরবর্তী হিংসা রুখতে আমরা ব্যর্থ ।এদিকে ভোট পরবর্তী হিংসা নিয়ে বিগত কয়েকদিন ধরেই লাগাতার শাসকদল তৃণমূলকে কাঠগড়ায় তুলে চলেছে পদ্ম শিবির। বৃহস্পতিবারই একেবারে ২০০ কর্মীকে নিয়ে রাজভবনের পথে পা বাড়িয়েছিলেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শুভেন্দুর দাবি, সকলেই ভোট পরবর্তী হিংসার শিকার। কিন্তু, কেউই ঢুকতে পারেননি রাজভবনে। আগেই আটকে দেয় পুলিশ। তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি। যদিও কোনওভাবেই তাঁদের ঢুকতে দেওয়া হয়নি। এদিকে এ কথা রাজ্যপালের কানে যেতেই কিন্তু তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন তিনি। এমনকি দশ পাতার বিবৃতিও দেওয়া হয় রাজভবনের তরফে। পাশাপাশি রাজ্যের কাছ থেকে চাওয়া হয়েছে রিপোর্ট ।কারণ পুলিশ এখানে আমাদের কথা শুনবে না। কদর্য ভূমিকা পালন করছে। বিভিন্ন জায়গায় কী প্রমাণ লোপাটের চেষ্টা চলছে। সংবিধানের রক্ষাকর্তা রাজ্যপালের বিষয়টি দেখা উচিত।"

এরপরই একেবারে ক্ষোভের সুরে বলেন, "তিনি সরকারের

এরপর ৩ পাতায়

## শীর্ষ আদালতের রায়ে গ্রেস নম্বর বাতিল ১৫৬৩ জন নিট পরীক্ষার্থীর,
# দিতে পারবে পুনঃরায় পরীক্ষা




**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** দীর্ঘদিন ধরে শিরোনামে রয়েছে নিট পরীক্ষা। নিট পরীক্ষায় গ্রেস মার্কস তথা বাড়তি নম্বর পাওয়া প্রার্থীদের নম্বর বাতিল করা হবে বলে নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। প্রসঙ্গত উল্লেখ্য মোট ১৫৬৩ জন পরীক্ষার্থীকে সময় জনিত সমস্যার জন্য বাড়তি নম্বর দেওয়া হয়েছিল। এবার সেই নম্বর বাতিল করে দেওয়া ১৫৬৩ জন পরীক্ষার্থী এবং সেই পরীক্ষার্থীদের পুনরায় পরীক্ষায় বসতে দেওয়ার সুযোগ করে দেওয়া হবে বলে সুপ্রিম কোর্টকে জানাল কেন্দ্র। নিট পরীক্ষা নিয়ে শীর্ষ আদালতে মামলাকারীদের অভিযোগ, ২০২৪ সালের পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত সহ অন্যান্য অনিয়মের অভিযোগও আনা হয়েছিল। শীর্ষ আদালতের বিচারপতি আহসানউদ্দিন আমানুল্লা এবং বিচারপতি বিক্রম নাথের অবকাশকালীন বেঞ্চের তরফ থেকে এই ঘটনায় কেন্দ্রের বক্তব্য জানতে চাওয়া হয়েছিল। এদিন একটি হলফনামা দিয়ে নিজের বক্তব্য জানায় কেন্দ্র।এদিন সুপ্রিম কোর্টকে কেন্দ্র বলে, এই ১৫৬৩ জন প্রার্থীর ফলাফল পুনরায় বিবেচনার জন্য একটি কমিটি তৈরি করা হয়েছিল। সেই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ১৫৬৩ জন প্রার্থীকে নতুন করে পরীক্ষায় বসতে দেওয়ার সুযোগ করে দেওয়া হবে। যে সকল পরীক্ষার্থী পরীক্ষা দিতে ইচ্ছুক তাঁরা ২৩ জুন পরীক্ষা দিতে পারবেন। বলা হয়েছে, এই পরীক্ষার্থীদের রেজাল্ট বাতিল করে দেওয়া হবে। আগামী ২৩ জুন পরীক্ষা, রেজাল্ট ৩০ জুন। আগামী ৬ জুলাই থেকে এমবিবিএস, বিডিএস ও অন্যান্য মেডিক্যাল পাঠক্রমে ভর্তির কাউন্সেলিং শুরু হবে। সুপ্রিম কোর্ট সেই সিদ্ধান্তে কোনও স্থগিতাদেশ জারি করেনি। বরং শীর্ষ আদালত জানায়, পূর্ব নির্ধারিত সময় অনুযায়ীই কাউন্সেলিং হবে। নতুন করে পরীক্ষা হলেই এই প্রক্রিয়ায় বাধা পড়বে না।

## বিধায়ককে দামি গাড়ি উপহার
# দিয়েছিলেন সন্দেশখালির শাহজাহান শেখ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিধায়ককে দামি গাড়ি উপহার দিয়েছিলেন সন্দেশখালির শাহজাহান শেখ। তাঁর বিরুদ্ধে চার্জশিটে এমনটাই দাবি করল ইডি। ওই বিধায়ককে 'হাতে রাখতে'ই এই উপহার দেওয়া হয়েছিল বলে জানিয়েছে কেন্দ্রীয় সংস্থা। তবে বিধায়ক বলতে কার কথা বলা হয়েছে, তা স্পষ্ট করেনি ইডি। উপহারের গাড়িটি শাহজাহান বা ওই বিধায়কের নামেও কেনা হয়নি ।রেশন 'দুর্নীতি' মামলার তদন্তে গ্রেফতার হওয়া জ্যোতিপ্রিয় মল্লিকের সূত্রে প্রথম প্রকাশ্যে আসে শাহজাহানের নাম। ইডি তাঁর বাড়িতে তল্লাশি চালাতে গিয়েছিল। কিন্তু তাঁর ঘনিষ্ঠেরা কেন্দ্রীয় আধিকারিকদের ঘিরে বিক্ষোভ দেখান। আক্রান্তও হন ইডি আধিকারিকেরা। এর পর থেকে দীর্ঘ দিন শাহজাহান নিখোঁজ ছিলেন। পরে রাজ্য

এরপর ৩ পাতায়





আগামী ২১ ও ২২ জুন বিশ্বমাতা উৎসব (৪১তম বর্ষ)। সবাইকে আমন্ত্রণ জানাই। Biswamata Utsav



# কসবায় অ্যাক্রোপলিশ মলে ভয়াবহ অগ্নিসংযোগ




**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : পার্কস্ট্রিট পর শহরে ফের ভয়াবহ অগ্নিকান্ড। কসবায় অ্যাক্রোপলিস মলের চতুর্থ তলে আগুন। চতুর্থ তলেই রয়েছে ফুড কোর্ট, বুক স্টোর। ধোঁয়ায় ঢেকে গিয়েছে গোটা এলাকা। ঘটনাস্থলে দমকলের ১৫ টি ইঞ্জিন। দিনের ব্যস্ত সময়ে অ্যাক্রপলিস মলে ছিল যথেষ্ট ভিড়। কসবার এই মলে রয়েছে একাধিক দোকান, পাশাপাশি রয়েছে অফিস। আর দশটা দিনের মতোই এদিনও খুলেছিল মল। চলছিল, কেনা-বেচা দোকানপাট গুলিতে। অফিসগুলিতেও নির্দিষ্ট সময়েই শুরু হয়েছিল কাজ। কিন্তু আচমকাই সব থমকে যায়। আগুন লাগার খবর জানতেই শুরু হয় নিচে নামার তোড় জোড়। এদিকে বাইরে বেরনোর সিঁড়ি খালি নেই, আবর্জনা ভর্তি, নামতে অসুবিধা হচ্ছে, অভিযোগ মলের কর্মীদের। এদিকে এই পরিস্থিতির মধ্যেই ছবি তুলতে গেলে সংবাদমাধ্যমকে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে। আগুন লাগার খবর পেতেই ইতিমধ্যেই একের পর এক দমকলের ইঞ্জিন এসে পৌঁছয় ঘটনাস্থলে। অক্সিজেন মাস্ক পরে ভিতরে ছুটে ঢোকেন দমকল কর্মীরা। মল খালি করে দিয়েছে দমকল বাহিনী। ভেন্টিলেশন চালু রাখতে কাঁচ ভেঙে দিয়েছে দমকল বাহিনী। ভিতরে থাকা সবাইকে বের করে নেওয়া হয়েছে বলে খবর। মলের কর্মীদের নিয়ে এসে রাখা হয়েছে পাশের গীতাঞ্জলি স্টেডিয়ামে। এই ঘটনায় খবর পেয়ে ঘটনাস্থলে চলে আসেন দমকল মন্ত্রী সুজিত বসু। তিনি বলেছেন যে 'পূর্ণাঙ্গ তদন্ত হবে।' অ্যাক্রোপলিস মলের অংশটুকু ইতিমধ্যেই ব্যারিকেড করে ঘিরে রাখা হয়েছে। যাতে বাইরে থেকে কেউ এই মুহূর্তে বিপদজ্জনক অংশে ঢুকে না পড়ে। যুদ্ধকালীন তৎপরতায় চলে আগুন নেভানোর কাজ। কিন্তু প্রথমে আগুন লেগেছে যে অংশে সেখানে পৌঁছনো যাচ্ছিল না, পরে ল্যাডারের সাহায্য সেই অংশ পৌঁছতে সফল হন দমকল কর্মীরা। এরপরেই ওই অংশের ভেন্টিলেশন স্বাভাবিক রাখতে ভেঙে ফেলা হয় কাচ।অবশেষে সেই আগুন নিয়ন্ত্রণে এসেছে।

# পাহাড়ের ভারী বর্ষণের ফলে ক্রান্তি ব্লকের বেশ কয়েকটি গ্রাম জলমগ্ন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : উত্তরবঙ্গ ময়নাগুড়িতে গত কয়েকদিন ধরে লাগাতার মুষলধারে বৃষ্টি পাহাড় থেকে সমতল আর সেই বৃষ্টির জেরে তিস্তা নদীর জলস্তর বেড়ে গিয়ে ক্রান্তি ব্লকের বেশ কয়েকটি গ্রাম জলমগ্ন হয়ে পড়েছে। বেশ কয়েকটি পরিবার ইতিমধ্যে বাঁধের উপরে প্লাস্টিকের টাবু টানিয়ে তারা আশ্রয় নিয়েছে। রাত হলেই ঘুমরে যাচ্ছে তিস্তা লাগোয়া বসবাসকারী কয়েকশো পরিবারের।

আর সেই জলমগ্ন পরিবারদের পাশে ইতিমধ্যে দাঁড়িয়েছে ক্রান্তি ব্লক প্রশাসন সহ এলাকার পঞ্চায়েত প্রধান।আজ সকাল বেলা ক্রান্তি ব্লকের বিশিষ্ট সমাজসেবী মোঃ নূর নবীউল ইসলাম যে প্রতিনিয়ত মানব সেবায় নিয়োজিত সে সমস্ত বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারদের প্রিয় খাবার চিড়া গুড় ডালমুর ইত্যাদি দিয়ে পাশে দাঁড়ালেন। স্থানীয়রা জানাচ্ছেন এই বন্যার জলের ফলে কৃষি জমি নষ্ট হয়ে গেছে আমরা বাদাম লাগিয়েছিলাম সেই বাদাম গুলো নষ্ট হয়ে গেছে আমরা যদি সরকারিভাবে কোন সহযোগিতা পাই তবে আমরা খুবই উপকৃত হব। এছাড়াও সমাজসেবী মোঃ নুর রবিউল ইসলাম জানান দ্রুত বাঁধ নির্মাণের কাজ যদি প্রশাসন শুরু করে তাহলে এই বন্যা থেকে কিছুটা হলেও এলাকাবাসী সুরক্ষিত থাকবে।




## বেঙ্গল এস টি এফ এর হাতে

# আবার উদ্ধার জাল নোট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : এক পাচারকারী ধৃত, প্রায় এক লক্ষ টাকা জাল নোট সহ। ফৌজদারি আইনে রাজনীতির রুজু। শমসের গঞ্জ থানার অন্তর্গত ধুলিয়ান হিন্দু মিলন মন্দির এর কাছে একটি স্থানে অভিযান চালান পশ্চিমবঙ্গের বিশেষ টাস্ক ফোর্সএর একটি দল। আটক করা হয় সানাউল হক নামেএকজনকে। সাথে সেনারুন সেনুয়া বয়স ২১ বছর। এবং মালদহের কালু এসকে। সন্দেহভাজন ব্যক্তির সঠিক অনুসন্ধানের সময় প্রতিটি ৫০০ টাকা মূল্যমানের জাল ভারতীয় মুদ্রা নোটের মোট ১৯৭ টুকরো পাওয়া গেছে। জানা যায় মোট অভিহিত মূল্য ৯৮ হাজার ৫০০ টাকা। বামলাদায়ের করা হয়েছে এ বিষয়ে সামসেরগঞ্জ থানায়। র‍্যাকেটের বিস্তারিত খোঁজ নেওয়া হবে মামলার তদন্ত কালীন সময়ে।




## বাংলাদেশকে ছুঁয়ে আগরতলা থেকে

# খুবই অল্প সময়ে ট্রেনে (কলকাতা, বিলোনিয়া -ফেনি-চট্টগ্রাম, গজ পরিবর্তন ও নতুন রেলপথের অনুমোদন বাংলাদেশ রেলওয়ে বোর্ডের)



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : বাংলাদেশকে ছুঁয়ে আগরতলা থেকে খুবই অল্প সময়ে ট্রেনে কলকাতা পৌছে যাওয়ার অপেক্ষার স্থায়ী অবসান হতে চলেছে। সাথে বহু প্রতীক্ষিত বিলোনিয়া-ফেনি-চট্টগ্রাম রেলপথের অনুমোদন মিলেছে।

সম্প্রতি বাংলাদেশ রেলওয়ে বোর্ড ভারত ও বাংলাদেশের মধ্যে রেল সংযোগের জন্য চূড়ান্ত স্থানের সমীক্ষা (এফএলএস)-র অনুমোদন দিয়েছে। বাংলাদেশের সাথে সংযোগী নতুন রেলওয়ে লাইনের জন্য চূড়ান্ত স্থান সমীক্ষার মোট দৈর্ঘ্য ৮৬১ কিমি। এছাড়া, উত্তর পূর্বাঞ্চলের দিকে প্রস্তাবিত বিকল্পমূলক পথের দৈর্ঘ্য হবে ২১২ কিমিঃ।

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে জানিয়েছেন, ভারত ও বাংলাদেশের মধ্যে রেল সংযোগের এফএলএস-এর জন্য অনুমোদিত পথগুলি হলো বিলোনিয়া- ফেনি-চট্টগ্রাম। ওই পথের দৈর্ঘ্য হবে ১৩১ কিমিঃ, যার মধ্যে ৩৮ কিমিঃ নতুন রেল লাইন এবং ৯৩ কিমিঃ হবে গজ পরিবর্তন। এছাড়াও গেদে-দর্শনা- ইশ্বরদি-টঙ্গি-ভৈরব বাজার -আখাউরা- আগরতলা পথে ১০০ কিমিঃ গজ পরিবর্তন করা হবে।

শুধু তাই নয়, প্রস্তাবিত পেট্রাপোল-বেনাপোল-নবহরণ-যশোর-রুপদিয়া-পদ্মবিল-লোহাগারা-কাশিআনি-শিবচর-মাবা-নিমতলা-গেন্দারিয়া-ঢাকা-টঙ্গি-ভৈরব বাজার -আখাউরা-আগরতলা পথে ১২০ কিমিঃ গজ পরিবর্তন করা প্রয়োজন হবে। তাঁর দাবি, ওই সমস্ত প্রস্তাবিত পথগুলি ভারত-বাংলাদেশের মধ্যে রেল সংযোগকে আরও শক্তিশালী করবে।

সাথে তিনি যোগ করেন, উত্তর পূর্বাঞ্চলের দিকে বিকল্পমূলক নতুন পথটি ফরবেশগঞ্জ - লক্ষ্মীপুর সেকশনের মধ্যে নির্মাণ করা হবে এবং এর দৈর্ঘ্য হবে ১৭.৬০ কিমিঃ। ঠাকুরগঞ্জ- চটেরহাট সেকশনের মধ্যে নতুন পথটির দৈর্ঘ্য হবে ২৪.৪০ কিমিঃ। কুমেদপুর-আমবাড়ি ফালাকাটা নতুন পথে ১৭০ কিমিঃ নতুন রেলওয়ে লাইন নির্মাণের প্রয়োজন হবে।

এদিকে বালুরঘাট- হিলি-পার্বতীপুর-কোনিয়া-লালমণিরহাট-মোগলহাট-গিতালদহ সেকশন। এটি হবে ৩২ কিমিঃ, যার মধ্যে ১৪ কিমিঃ হবে নতুন রেলওয়ে লাইন এবং ১৮ কিমিঃ হবে গজ পরিবর্তন, তিনি জানিয়েছেন। তাঁর কথায়, প্রস্তাবিত বালুরঘাট-গিতালদহ-বামনহাট-সোনাহাট-গোলোকগঞ্জ- ধুবড়ি সেকশনের দৈর্ঘ্য হবে ৫৬ কিমিঃ, যার মধ্যে ৩৮ কিমিঃ হবে নতুন রেলওয়ে লাইন এবং ১৮ কিমিঃ হবে গজ পরিবর্তন।বালুরঘাট -হিলি-গাইবান্ধা-মহেন্দ্রগঞ্জ-তুরা-মেন্দিপাথার সেকশনটিতে ২৫০ কিমিঃ নতুন রেলওয়ে লাইন নির্মাণ করা হবে।

পাশাপাশি জানা গেছে প্রস্তাবিত মজ্ঞুরজান -পিরগঞ্জ - ঠাকুরগাঁও-পাঁচগড়-হলদিবাড়ি পথে ৬০ কিমিঃ নতুন রেলওয়ে লাইন নির্মাণ করা হবে। প্রস্তাবিত ডালখোলা - পিরগঞ্জ -ঠাকুরগাঁও-পাঁচগড়-হলদিবাড়ি সেকশনে ৮০ কিমিঃ নতুন রেলওয়ে লাইন নির্মাণ করা হবে। সাথে রাধিকাপুর-বিরল-পার্বতিপুর-কৌনিয়া-গিতালদহ সেকশনের দৈর্ঘ্য হবে ৩২ কিমিঃ, যার মধ্যে ১৪ কিমিঃ নতুন রেল লাইন এবং ১৮ কিমিঃ গজ পরিবর্তন করা হবে, প্রস্তাবিত ওই পথ সম্পর্কে বলেন তিনি।

সব্যসাচী দের দাবি, ভারত ও নেপালের মধ্যে রেল সংযোগের চূড়ান্ত স্থান সমীক্ষার জন্য অনুমোদিত পথগুলি হলো বিরাটনগর -নিউ মাল জং. সেকশনের মধ্যে, এখানে ১৯০ কিমিঃ নতুন রেলওয়ে লাইন নির্মাণের প্রয়োজন হবে। এবং প্রস্তাবিত গলগলিয়া -ভদ্রপুর - কাজলি বাজার সেকশনে ১২.৫ কিমিঃ নতুন রেলওয়ে লাইন নির্মাণের প্রয়োজন হবে। নতুন প্রস্তাবিত ওই রেলওয়ে লাইনগুলি চিকেন-নেক অংশের মাধ্যমে রেল সংযোগকে আরও শক্তিশালী করবে।

তাঁর দৃঢ় বিশ্বাস, ভারত সরকার 'প্রতিবেশী প্রথম' নীতির অধীনে নিজের সমস্ত প্রতিবেশীদের সাথে বন্ধুত্বপূর্ণ ও পারস্পরিক উপকারী সম্পর্ক গড়ে তোলার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এই নীতি বর্ধিত রেলপথ সংযোগ, পরিকাঠামোর উন্নয়ন এবং মানুষের সাথে মানুষের যোগাযোগকে অগ্রাধিকার দেবে। প্রতিবেশী দেশগুলির মধ্যে উন্নত যোগাযোগ গড়ে তুলবে এবং ব্যবসা-বাণিজ্য ও পর্যটন কার্যকলাপ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে।

## জলপাইগুড়িতে অতি ভারী বৃষ্টি,

# শহর মূখী জংলী হাতির দল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : পাহাড়ে সমতলে ব্যাপক বৃষ্টি, ফুসছে তিস্তা সহ ডুয়ার্সের অন্যান নদী, নিরাপদ আশ্রয়ের খোঁজে শহরের কাছাকাছি জংলী হাতির দল।

বৃহস্পতিবার রাত থেকে চলছে অবিরাম বৃষ্টি, উত্তর সিকিমের পরিস্থিতি ক্রমশই জটিল রূপ নিচ্ছে, পাহাড়ে বৃষ্টির জেরে জলপাইগুড়ি, ডুয়ার্স সহ বিভিন্ন এলাকার নদী এবং পাহাড়ী ঝোরা গুলোতে বেড়েছে জলের স্রোত।

আর এতেই মানুষের পাশপাশি বন্য প্রাণী দের মধ্যে সৃষ্টি হয়েছে আতংক। শুক্রবার ভোর হতেই জলপাইগুড়ি শহর থেকে সামান্য দূরে অবস্থিত বৈকুণ্ঠ পুর বনাঞ্চল ঘেঁষা কালিয়াগঞ্জ গ্রামে নিরাপদ আশ্রয়ের খোঁজে ঢুকে পরেছে বুনো হাতির দল। ঘটনার খবর পেয়ে জংলী হাতির দল টির ওপর নজরদারি শুরু করেছে বন বিভাগ। গ্রামে ছড়িয়েছে হাতির আতঙ্ক।

## কলকাতার খালি পায়ে

# যেন জাদুর ছোঁয়া

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ১৯৩৬ সালে স্কটল্যান্ড এর গ্লাসগো শহরে প্রাক মরশুম প্রস্তুতি ম্যাচ খেলতে মুখোমুখি হয়েছিল সেল্টিক এসি এবং গলস্টন ফুটবল ক্লাব। খেলায় সেল্টিক এসি ৭-১ গোলে গলস্টন ক্লাবকে পরাজিত করে। খেলায় আকর্ষণের কেন্দ্রবিন্দু ছিলেন একজন ভারতীয় যিনি হ্যাটট্রিক করেন। তার অসাধারণ ক্রীড়া নৈপুণ্যে মুগ্ধ করেছিল সেল্টিক সমর্থকদের। এটি ছিল তাঁর, ক্লাবের হয়ে, দ্বিতীয় আবির্ভাব। সেল্টিক সমর্থকরা অভিভূত হয়ে গেছিলেন তার খেলা দেখে। একজন ভারতীয়, ব্রিটিশ শাসনে থাকা, সুদূর বাংলা থেকে গ্লাসগো শহরে এসেছেন এবং খালি পায়ে ফুটবল খেলে দর্শকদের মুগ্ধ করছেন। অচিরে সেল্টিক সমর্থকরা ওনার ভক্ত হয়ে নাম রাখলেন সেল্টিক ক্লাবের ইন্ডিয়ান জাগলার। এই খেলোয়াড়ের নাম মোহাম্মদ সেলিম। ইনিই প্রথম ভারতীয় যে কোন ইউরোপের ক্লাবে খেলেন।

মোহাম্মদ সেলিম কলকাতার মহামেডান স্পোর্টিং ক্লাবের খেলোয়াড় ছিলেন। ১৯৩৪ সালে প্রথমবার কলকাতা লিগ জয়ী দলের আক্রমণের মূল স্তম্ভ ছিলেন সেলিম। উল্লেখযোগ্য ১৯৩৪-৩৮ যে পাঁচবার পরপর কলকাতা লিগ জয় করে মহামেডান স্পোর্টিং রেকর্ড করেছিলেন সেই দলের অন্যতম সদস্য ছিলেন মোহাম্মদ সেলিম।

১৯৩৬ সালে সেলিম ভারতীয় একাদশের হয়ে চাইনিজ অলিম্পিক দলের বিরুদ্ধে একটি প্রদর্শনী ম্যাচ খেলেন। এই খেলাটি দেখতে সুদূর লন্ডন থেকে উনার ভাই, হাসিম, কলকাতায় আসেন। এই হাসিম সাহেব সেলিমকে বুদ্ধি দেন ইউরোপের ক্লাবে খেলার। এর আগে ভারত থেকে কেউ এইরকম সাহস দেখাতে পারেননি। তখনকার দিনে ভারতবর্ষে ভারতীয়দের কাছে ফুটবল খেলা ছিল ব্রিটিশ সাম্রাজ্যের বিরুদ্ধে প্রতিবাদের প্রতীক। এহেন সময় পরাধীন ভারতবর্ষ থেকে

এরপর ৩ পাতায়

## পঞ্চায়েতি রাজ মন্ত্রকের বিভিন্ন প্রকল্প রূপায়ন এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে পর্যালোচনা বৈঠক করলেন কেন্দ্রীয় মন্ত্রী শ্রী রাজীব রঞ্জন সিং

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** পঞ্চায়েতি রাজ মন্ত্রকের বিভিন্ন কার্যকলাপ, উদ্যোগ এবং বিভিন্ন প্রকল্পগত কৌশল ও ভবিষ্যৎ কর্মসূচি নিয়ে নতুন দিল্লিতে আজ এক পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন কেন্দ্রীয় পঞ্চায়েতি রাজ, মৎস্য, পশুপালন এবং দুগ্ধ মন্ত্রী শ্রী রাজীব রঞ্জন সিং ওরফে লালন সিং। বৈঠকে মন্ত্রকের প্রতিমন্ত্রী হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক এস পি সিং বাঘেল। পঞ্চায়েতি রাজ মন্ত্রকের সচিব শ্রী বিবেক ভরদ্বাজ, মন্ত্রকের বিভিন্ন প্রয়াস ও উদ্যোগের ব্যাখ্যা করেন। এছাড়াও যেসব অগ্রাধিকারের ক্ষেত্রে হস্তক্ষেপের প্রয়োজন রয়েছে তারও উল্লেখ করেন তিনি। কেন্দ্রীয় মন্ত্রীকে পঞ্চায়েতি রাজ মন্ত্রকের বিভিন্ন প্রকল্প ও উদ্যোগ সম্পর্কে অবহিত করা হয়। তিনি বিভিন্ন প্রকল্প রূপায়নের বর্তমান অবস্থা কী এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে দপ্তরের পদস্থ আধিকারিক এবং সচিবদের সঙ্গে আলোচনা করেন। সচিবরা ছাড়াও অর্থনৈতিক উপদেষ্টা ডঃ বিজয় কুমার বেহেরা এবং মুখ্য হিসাব নিয়ামক শ্রী অখিলেশ ঝা ওই পর্যালোচনা বৈঠকে উপস্থিত ছিলেন।

বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী বলেন, ভারত সরকারের নানা উদ্যোগ গ্রামাঞ্চল জুড়ে যাতে তৃণমূল স্তরে লক্ষ্যণীয় এবং রূপান্তরমূলক প্রভাব ফেলতে পারে, সেজন্য দরকার সমস্ত অংশীদারের সমবেত প্রয়াস। তিনি আশাপ্রকাশ করে বলেন, সমন্বয় ভিত্তিক যৌথ উদ্যোগ সম্ভব হলে, প্রধানমন্ত্রীর বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গির সঙ্গে সাযুজ্য রেখে পঞ্চায়েতি রাজ মন্ত্রকের বিভিন্ন প্রকল্প ও উদ্যোগের লক্ষ্যপূরণ সফল হবে। নির্দিষ্ট সময় ধরে বিভিন্ন প্রকল্পে রূপায়নের উপরেও তিনি জোর দেন। পঞ্চায়েতি রাজ প্রতিমন্ত্রী অধ্যাপক এস পি সিং বাঘেল বিভিন্ন প্রকল্প রূপায়নের ক্ষেত্রে ডিজিটাল প্রযুক্তি এবং সময় বেঁধে অ্যাপ ভিত্তিক পর্যালোচনায় গুরুত্বপূর্ণ ফল হওয়া সম্ভব বলে জানান। তিনি বিভিন্ন প্রকল্প রূপায়নে স্বচ্ছতা এবং সুনিশ্চিত পরিষেবার উপরেও জোর দেন।

১ পাতার পর

## বিধায়ককে দামি গাড়ি উপহার দিয়েছিলেন সন্দেশখালির শাহজাহান শেখ

পুলিশ তাঁকে গ্রেফতার করে তুলে দেয় কেন্দ্রীয় সংস্থার হাতে। বর্তমানে শাহজাহান রয়েছেন জেল হেফাজতে।ইডি চার্জশিটে জানিয়েছে, প্রভাবশালী মন্ত্রী এবং বিধায়কদের খুশি করতে মাঝেমধ্যেই এই ধরনের দামি উপহার দিতেন শাহজাহান। এর মাধ্যমে সন্দেশখালি এলাকায় তিনি তাঁর প্রতিপত্তি বজায় রাখতেন। তেমনই এক বিধায়ককে দামি গাড়ি উপহার হিসাবে দিয়েছিলেন তিনি। ইডি তদন্ত করে জানতে পেরেছে, উপহারের এই গাড়িটি কেনা হয়েছিল অন্য এক ব্যক্তির নামে। গাড়ির নথিতে নাম রয়েছে বিএন ঘোষের। গাড়ি কেনার টাকাও তাঁর কাছ থেকেই শাহজাহান নিয়েছিলেন বলে জানতে পেরেছেন তদন্তকারী আধিকারিকেরা।শাহজাহানের মামলায় ইডি আগেও একাধিক বার দাবি করেছে, সন্দেশখালিতে ত্রাসের রাজত্ব তৈরি করে ফেলেছিলেন শাহজাহান। এলাকায় তিনিই ছিলেন শেষ কথা। তাঁর বিরুদ্ধে গ্রামবাসীদের উপর অত্যাচার, জোর করে জমি দখল করে নেওয়া, বিঘার পর বিঘা চাষের জমিতে সমুদ্রের নোনা জল ঢুকিয়ে মাছের ভেড়ি তৈরি করা, টাকা তোলার মতো অভিযোগ রয়েছে। ইডির দাবি, সন্দেশখালিতে একাই 'রাজত্ব' করতেন শাহজাহান। কোনও মন্ত্রী, বিধায়ক বা সাংসদের প্রভাব সেখানে খাটত না। সেখানেই নিজের 'দুর্নীতি'র জাল বিছিয়ে রেখেছিলেন শাহজাহান। কালো টাকা সাদা করতে নানা রকম পন্থা অবলম্বন করতেন তিনি।চার্জশিটে ইডি দাবি করেছে, সন্দেশখালিতে মাছের ব্যবসা, ইটভাঁটার ব্যবসা চালাতেন শাহজাহান। এই ব্যবসার মাধ্যমেই কালো টাকা সাদা করার কাজ চলত। এই কাজে তাঁর সঙ্গী হতেন ভাই আলমগির শেখ এবং ঘনিষ্ঠ শিবপ্রসাদ হাজরা, দিদার বক্স মোল্লারা। এমনকি, ভুয়ো ব্যবসায়ী বানিয়ে মাছ বিক্রি করতেন শাহজাহান। তাঁর মাছের টাকা এ ভাবে বিক্রি হয়ে ফিরে আসত তাঁর কাছেই। শাহজাহানের মামলায় এখনও পর্যন্ত ২৬১ কোটি টাকা বাজেয়াপ্ত করেছে ইডি। এ ছাড়া শাহজাহানের তিনটি গাড়িও বাজেয়াপ্ত করা হয়েছে। শাহজাহানের একাধিক ব্যাঙ্ক অ্যাকাউন্টের হদিস পেয়েছে কেন্দ্রীয় সংস্থা। সেখানে কয়েক কোটি টাকা গচ্ছিত রয়েছে। ইডির দাবি, এই দুর্নীতির কালো টাকা একটি ট্রাস্টে বিনিয়োগ করতেন শাহজাহান। ট্রাস্টের নামে জমিও কিনতেন। তাতে বাড়তি সুযোগ-সুবিধা পাওয়া যেত।

১ পাতার পর

## রাজ্যপালকে চড়া সুরে আক্রমণ শাসক-বিরোধী সব পক্ষের

কেউ নন। যিনি বিধানসভার সদস্য নন। তিনি সমস্ত সরকারি কাজকর্মের হিসাব নিচ্ছেন, অর্ডার দিচ্ছেন এবং তাঁকে সুরক্ষা দেওয়ার জন্য সমস্ত পুলিশকে তুলে নিয়ে যাওয়া হচ্ছে। তাহলে এখানে রাজ্যপালের ভূমিকা কী? তাঁর এখানে থাকার প্রয়োজন কী? এটাই এখন সাধারণ মানুষের কাছে সবথেকে বড় প্রশ্ন।" প্রসঙ্গত, এর আগে একাধিকবার একাধিক ইস্যুতে রাজ্যপাল সংঘাত চরমে উঠেছে। এবার একেবারে বিজেপির তরফে সুর চড়ানোয় তা নিয়ে চাপানউতোর শুরু হয়ে গিয়েছে রাজনৈতিক মহলে।

১ পাতার পর

## রাজ্যপালকে চড়া সুরে আক্রমণ শাসক-বিরোধী সব পক্ষের

দেয়, তবেই সেখানে যেতে পারবেন শুভেন্দু। এদিন কলকাতা হাইকোর্ট জানিয়ে দিয়েছে, রাজভবনে কত জন লোক যাবেন, কতগুলি গাড়ি থাকবে, সেই সংখ্যা জানাতে হবে পুলিশকে। বিচারপতি জানিয়েছেন, পুলিশের বাধা দেওয়া নিয়ে হলফনামা জমা দেবেন শুভেন্দু। পাল্টা হলফনামা দেবে রাজ্য। আগামী ছ'সপ্তাহ পরে এই মামলার শুনানি।সেই দেখা করার কারণ ছিল, লোকসভা নির্বাচন মিটে যাওয়ার পরে রাজনৈতিক হিংসায় ঘরছাড়া বিজেপি কর্মীদের সঙ্গে রাজ্যপালের দেখা করিয়ে দেওয়া। কিন্তু শুভেন্দুকে রাজভবনের গেটের আগেই আটকে দেয় পুলিশের ব্যারিকেড। পুলিশের দাবি ছিল, যেহেতু রাজভবন লাগোয়া এলাকায় ১৪৪ ধারা লাগু আছে তাই গুটিকয় ঘরছাড়া বিজেপি কর্মী বা সমর্থকদের নিয়ে পায়ে হেঁটে রাজভবনে যেতে হবে শুভেন্দুকে। তিনি কনভয় নিয়ে রাজভবনে যেতে পারবেন না। শুভেন্দু সেই ঘটনার জেরেই কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেন। সেই মামলাতেই এদিন আদালত জানিয়ে দিল, পুলিশের শর্ত মেনেই শুভেন্দুকে যেতে হবে রাজভবনে। সেই সঙ্গে চাই রাজ্যপালের অনুমতি। রাজ্যপালের সঙ্গে ভোট পরবর্তী হিংসায় 'আক্রান্ত'দের দেখা করতে দিচ্ছে না পুলিশ, এই অভিযোগ তুলেই এদিন কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন শুভেন্দু। মামলা দায়ের করার অনুমতি দেন বিচারপতি অমৃতা সিনহা। সেই মামলার শুনানিতেই এদিন আদালত জানিয়ে দেয়, রাজভবনে যেতে গেলে শুভেন্দুকে অবশ্যই পুলিশের শর্ত মানতে হবে। তাঁর সঙ্গে কে কে রাজভবনে যাচ্ছেন তা লিখিত ভাবে জানাতে হবে পুলিশকে। একই সঙ্গে চাই রাজ্যপালের অনুমতিও। রাজ্যপাল অনুমতি না দিলে রাজভবনে পা রাখতেও পারবেন না রাজ্যের বিরোধী দলনেতা। এই রায়ের মাঝেই আবার কলকাতার পুলিশ কমিশনার বিনীত গয়ালকে চিঠি দিয়েছেন শুভেন্দু। সেই চিঠিতে তিনি জানিয়েছেন যে, কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগ তুলে এবং রাজ্যের বকেয়া মেটানোর দাবিতে গত বছর ডিসেম্বর মাসে রাজ ভবনের সামনে টানা ধরনায় বসেছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। এবার ওই একই জায়গায় ধর্নায় বসতে চান তিনি। আগামী ১৯ জুন থেকে ধরনায় বসতে চান বলে নগরপালকে লেখা চিঠিতে জানিয়েছেন বিরোধী দলনেতা। তবে বিরোধী দলনেতাকে সেই অনুমতি দেওয়া হবে কি না, সে বিষয়ে এখনও কলকাতা পুলিশের পক্ষ থেকে কিছু জানানো হয়নি।

## জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসবাদ দমন নির্দেশ মোদীর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসবাদ দমন করতে পূর্ণশক্তি প্রয়োগের নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের সঙ্গে গুরুত্বপূর্ণ একটি বৈঠক করেন মোদী। সেই বৈঠকেই কাশ্মীরে শান্তি ফেরানোর কথা বলা হয়েছে। গত কয়েক দিন ধরে পর পর বেশ কিছু জঙ্গি হামলায় বিধ্বস্ত হয়েছে কাশ্মীর। সেই পরিস্থিতিতে প্রধানমন্ত্রীর এই বৈঠক এবং কাশ্মীরের শান্তিরক্ষায় পূর্ণশক্তি প্রয়োগের নির্দেশ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হয়। নিরাপত্তা সংক্রান্ত বৈঠকে বৃহস্পতিবার কাশ্মীরের পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রীর কাছে রিপোর্ট দেওয়া হয়। গত কয়েক দিনে সেখানে কী কী ঘটেছে, পরিস্থিতি মোকাবিলার জন্য পুলিশ এবং নিরাপত্তারক্ষীরা কী কী করেছেন, তার খতিয়ান দেওয়া হয় মোদীর কাছে। সূত্রের খবর, এর পরেই প্রধানমন্ত্রী জানান, যে কোনও মূল্যে কাশ্মীরে শান্তি বজায় রাখতে হবে। সন্ত্রাসবাদের মোকাবিলায় যা যা করা প্রয়োজন, তা করতে হবে। পূর্ণশক্তি প্রয়োগ করে কাশ্মীরে জঙ্গিদমনের নির্দেশ দিয়েছেন মোদী। জম্মুর বাস হামলায় জড়িত সন্দেহে অন্তত ৫০ জনকে আটক, মিলেছে জঙ্গিযোগ, দাবি কাশ্মীর পুলিশের।

কাশ্মীর পরিস্থিতি নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিংহের সঙ্গেও কথা বলেছেন মোদী। উপত্যকায় আরও বেশি নিরাপত্তা বাহিনী মোতায়েন করা এবং জঙ্গিদমনমূলক অভিযানের সংখ্যা বৃদ্ধি করার বিষয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়েছে। শান্তি বজায় রাখার জন্য স্থানীয় প্রশাসন কী কী করছে, তা প্রধানমন্ত্রীকে জানিয়েছেন মনোজ। গত ৯ জুন জম্মুর রিয়াসি থেকে জম্মুর কাটরার বৈষ্ণো দেবী মন্দিরে যাওয়ার পথে পুণ্যার্থীদের বাসে হামলা করে জঙ্গিরা। পর পর গুলিতে ঝাঁঝরা করে দেওয়া হয় ওই বাস। চালক গুলিবিদ্ধ হলে বাসটি খাদে গড়িয়ে পড়ে। তার পরেও গুলি থামায়নি জঙ্গিরা। বাসের সকল যাত্রীর মৃত্যু নিশ্চিত করতে চেয়েছিল তারা। এই ঘটনায় ১০ জনের মৃত্যু হয়েছে। ৪৩ জনের বেশি আহত হন। এ ছাড়াও গত কয়েক দিনে কাঠুয়া, ডোডা জেলায় একাধিক জঙ্গি হামলার ঘটনা ঘটে। এক সিআরপিএফ জওয়ানেরও মৃত্যু হয়েছে ওই হামলায়। জখম হয়েছেন আরও অনেকে। জঙ্গিদের খোঁজে উপত্যকা জুড়ে তল্লাশি অভিযান শুরু হয়েছে। চিরুনিতল্লাশি করছেন আধিকারিকেরা। জঙ্গিদের পরিচিত গোপন ডেরায় হানা দেওয়া হচ্ছে মুহুর্মুহু। গোপন সূত্রে খবর পেয়ে অন্তত ৫০ জনকে আটক করেছে জম্মু ও কাশ্মীর পুলিশ। তাঁদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। কাশ্মীরের পরিস্থিতিকে যে বাড়তি গুরুত্ব দিয়ে দেখছেন প্রধানমন্ত্রী, বৃহস্পতিবারের বৈঠক থেকেই তা স্পষ্ট। এখন দেখার বিষয় কাশ্মীরের এই উত্তপ্ত পরিবেশ কতটা সমাধান হয় সেই দিকে তাকিয়ে সাধারণ মানুষ।

## প্রধানমন্ত্রী ত্রিকোণাসন ভিডিও ক্লিপ সকলের সঙ্গে ভাগ করে নিলেন



**নয়াদিল্লি, ১৪ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ত্রিকোণাসন বা ত্রিভুজাকৃতি ভঙ্গিমা নিয়ে একটি ভিডিও ক্লিপ সকলের সঙ্গে ভাগ করে নিয়েছেন এবং দেহের ঊর্ধ্বাংশের সুদৃঢ় গঠন ও একগ্রতা বৃদ্ধির লক্ষ্যে এই আসন চর্চার জন্য মানুষের কাছে আবেদন জানিয়েছেন। আন্তর্জাতিক যোগ দিবসের দশম পর্ব উপলক্ষে ভাগ করে নেওয়া এই ভিডিও ক্লিপে দণ্ডায়মান অবস্থায় ভঙ্গিমা তুলে ধরা হয়েছে। এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী লিখেছেন:

"কাঁধ, পিঠের সুদৃঢ় গঠন এবং একাগ্রতা বাড়াতে ত্রিকোণাসন অনুশীলন করুন!"

২ পাতার পর

## কলকাতার খালি পায়ে যেন জাদুর ছোঁয়া

ইউরোপের কোন ফুটবল ক্লাবে জায়গা করে নেওয়া ছিল এক বিরাট ব্যাপার। সেলিম এই চ্যালেঞ্জ গ্রহণ করেন। তার ভাইয়ের সাথে তিনি স্কটল্যান্ড যান। হাসিম সেল্টিক ক্লাবের কোচ, উইলি ম্যালিকে, আগেই বলে রেখেছিলেন সেলিমের কথা। ম্যালি প্রথম সেলিমের কথা শুনে হাসেন। একজন ভারতীয় খালি পায়ে ফুটবল খেলবেন এটা তার কাছে খুব অস্বাভাবিক লেগেছিল। হাসিমের অনুরোধে ম্যালি সেলিমকে অনুশীলনে নামার অনুমতি দেন। প্রথম দিনের অনুশীলনে যখন সেলিম ঢোকেন সহ খেলোয়াড়, ক্লাব ট্রেনার ও কর্তারা অবাক হয়ে দেখেন একজন ফুটবলার পায়ে বুট নেই, তার বদলে দু পায়ে ব্যান্ডেজ বাধা এবং তার আঙ্গুলগুলো বেরিয়ে আছে। কিন্তু খেলা শুরু হওয়ার পর সেলিমের কাছে যখন বল আসে তার পায়ের জাদুতে সবাই মুগ্ধ হয়ে যান। সেল্টিক কোচ তখনই সিদ্ধান্ত নিয়ে নেন, হ্যামিলটন অ্যাক্সিস ক্লাবের বিরুদ্ধে সেলিমকে মাঠে নামাবেন। প্রথম আবির্ভাবই সেলিম একটি গোল করেন। পরের দিন স্থানীয় সংবাদপত্র, ডেইলি এক্সপ্রেসে, সেলিমের প্রশংসা সূচক খবর প্রকাশিত হয়। দুর্ভাগ্যজনকভাবে ইউরোপে সেলিমের খেলার পর্ব এরপর শেষ হয়ে যায়। সেলিম তার নিজের দেশে ফিরে যেতে চান। সেল্টিক ক্লাব তাকে আটকে রাখার বহুভাবে চেষ্টা করেছিল। এমন প্রস্তাবও দেওয়া হয়েছিল সেলিম জন্য ক্লাব একটি প্রদর্শনী ম্যাচের আয়োজন করবে এবং তার টিকিট বিক্রির থেকে সংগৃহীত অর্থের ৫% তাঁকে দিয়ে দেওয়া হবে। সেলিম কিন্তু তার সিদ্ধান্তে অনড় ছিলেন। তিনি ক্লাব কর্মকর্তাদের বলেন ওই অর্থ অনাথ আশ্রমে দান করে দিতে, যে শিশুরা তার খেলা দেখতে এসেছিল। পরবর্তী সময়ে সেলিমের ছেলে রাশিদ আক্ষেপের সাথে বলেছিলেন, "বাবা বোধহয় বুঝতে পারেননি টাকার অংকটা কত। তখনকার সময় অংকটা মাথা ঘুরিয়ে দেওয়ার মতই ছিল। ৫% হত প্রায় ১৮০০ ডলার।" মহম্মদ সেলিম তার কথা রেখেছিলেন এবং পুরো টাকাটাই তিনি অনাথ আশ্রমে দান করে আসেন। কলকাতায় ফিরে তিনি তার পুরনো ক্লাব, মহামেডান স্পোর্টিং এ, যোগদান করেন এবং ওই ক্লাবে খেলেই নিজের ফুটবল জীবন শেষ করেন। খেলা ছাড়ার পরে তিনি কিছুদিন বাচ্চাদের কোচিং করিয়েছিলেন। ১৯৮০ সালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

## নীতিন গড়করি সঙ্গে দেখা করলেন বিজেএমসির নেতারা

**কলকাতা: নিউজ সারাদিন :** ভারতীয় জনতা মজদুর সেলের নেতারা আজ কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করির সঙ্গে দেখা করেছেন। সেলের জাতীয় সভাপতি মিঠু চট্টোপাধ্যায় জানান যে বিজেএমসির জাতীয় উপদেষ্টা বিশ্বপ্রিয় রায় চৌধুরীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল তার সাথে দেখা করেছে এবং তার পুরানো মন্ত্রিত্ব ফিরে পাওয়ার জন্য তাকে অভিনন্দন জানিয়েছে। এই সময়ের মধ্যে, সেলের ওজিএস নাসির আনসারি, গুজরাট রাজ্য সেলের সভাপতি বিরাজ পাতিল, দীসা রাজ্য সেলের সভাপতি মানস বেরা, দিল্লি রাজ্য সেলের সভাপতি জি.এস. গোপাল সরকারসহ বিভিন্ন রাজ্যের নেতারা উপস্থিত ছিলেন। কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করি শ্রমিক কল্যাণে সম্ভাব্য সবরকম সাহায্যের আশ্বাস দিয়েছেন।





ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার


নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৬২ সংখ্যা ১৫ জুন, ২০২৪ শনিবার ৩২ জ্যৈষ্ঠ, ১৪৩১

## পুতিনের প্রস্তাব

### প্রত্যাখান করল যুক্তরাষ্ট্র-ন্যাটো



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মস্কোর দাবি করা অঞ্চল থেকে ইউক্রেনকে সরে যেতে হবে বলে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন যে আহ্বান জানিয়েছেন, যুক্তরাষ্ট্র ও ন্যাটো তা প্রত্যাখ্যান করেছে ।

ব্রাসেলসে ন্যাটোর বৈঠক শেষে পেন্টাগনের প্রধান লয়েড অস্টিন বলেন, অবৈধভাবে ইউক্রেনের সার্বভৌম ভূখণ্ড দখল করেছেন পুতিন। শান্তি প্রতিষ্ঠার জন্য ইউক্রেনকে কী করতে হবে, তা নির্দেশ দেওয়ার মতো অবস্থানে পুতিনি নেই। তিনি চাইলে আজই এর ইতি টানতে পারতেন ( দখল ছেড়ে দেওয়ার মাধ্যমে)। আমরা তাকে তা করতে এবং ইউক্রেনের সার্বভৌম অঞ্চল ত্যাগ করার আহ্বান জানাচ্ছি।

এদিকে ইউক্রেনও তাৎক্ষণিকভাবে পুতিনের কঠোর 'শর্ত' প্রত্যাখ্যান করেছে। অন্যদিকে ন্যাটো প্রধান জেনস স্টলটেনবার্গও ইউক্রেন নিয়ে শান্তি আলোচনা শুরু করার জন্য পুতিন যে শর্ত বেঁধে দিয়েছেন, তার সমালোচনা করেছেন।

স্টলটেনবার্গ সাংবাদিকদের বলেন, এটি সরল বিশ্বাসে করা প্রস্তাব নয়। এটি এমন একটি প্রস্তাব যার অর্থ হলো- রাশিয়াকে তাদের যুদ্ধের লক্ষ্য অর্জন করতে হবে। পুতিন এই প্রত্যাশা করেন যে, এখন পর্যন্ত রাশিয়া যে পরিমাণ ভূমি দখল করতে সক্ষম হয়েছে, ইউক্রেনীয়দের তার চেয়ে উল্লেখযোগ্য পরিমাণ জমি ছেড়ে দেওয়া উচিত।

উল্লেখ্য, রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেনে যুদ্ধবিরতির সংলাপ শুরুর জন্য জন্য নতুন দুটি শর্ত দিয়েছেন। প্রথম শর্ত রাশিয়া ইউক্রেনের যে চার প্রদেশ নিজের সীমানাভুক্ত করেছে, কিয়েভকে সেই প্রদেশগুলো থেকে নিজেদের সেনা সরিয়ে নিতে হবে। দ্বিতীয় শর্ত ন্যাটোর সদস্যপদের জন্য আর তদবির করবে না কিয়েভ, অবশ্যই এই ঘোষণা দিতে হবে।

## সম্পাদকীয়

### দিলীপকে ফের 'রাজ্য সভাপতি চাই' বলে স্লোগান তোলা হয়

লোকসভা ভোটে বর্ধমান-দুর্গাপুর আসন থেকে পরাজিত হয়েছেন দিলীপ ঘোষ। হারের নেপথ্যে মেদিনীপুর আসন থেকে তাঁকে সরানো নিয়ে প্রকাশ্যে সরবও হয়েছেন। নাম না করলেও দিলীপের নিশানায় যে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, তা স্পষ্ট। এর মাঝে শুক্রবার বিকেলে হঠাৎ করেই বিধানসভায় পৌঁছে যান প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষ।এদিন বিকেলে বিধানসভা হয়ে রাজ্য বিজেপি (ইঔচ) দপ্তরে গেলে সেখানে দিলীপকে ঘিরে স্লোগান তোলেন তাঁর অনুগামীরা। দিলীপকে ফের 'রাজ্য সভাপতি চাই' বলে স্লোগান তোলা হয়। দিলীপের ছবি দেওয়া ব্যাজ পরেও পুরনো কর্মীদের দেখা যায় মুরলীধর সেন লেনের অফিসে। পুরনো কার্যকর্তারা দিলীপের সঙ্গে দেখা করতে আসেন। তাঁর পাশে ছিলেন উত্তর কলকাতা জেলার প্রাক্তন সভাপতি শিবাজী সিংহ রায়। রাজ্য দপ্তরেও অবশ্য সংবাদমাধ্যমের সামনে মুখ খোলেননি প্রাক্তন সাংসদ। অন্যদিকে, মনোজ টিগ্গা সাংসদ হয়ে যাওয়ায় বৃহস্পতিবারই বিধায়ক পদে ইস্তফা দিয়েছিলেন। এবার বিধানসভায় নতুন করে পরিষদীয় দলনেতা খুঁজে নিতে হবে বিজেপিকে। কে হবেন, তা ঠিক করতে ১৮ তারিখ বৈঠকে বসবে গেরুয়া শিবির।কিন্তু বিধানসভায় এলেও বিরোধী দলনেতা বা বিজেপি পরিষদীয় দলের ঘরে তিনি ঢুকলেন না। বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি সোজা গিয়ে বসলেন বিধানসভার রিপোর্টারস রুমে। সেসময় অবশ্য বিধানসভায় ছিলেন না বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

বিধানসভায় দিলীপের আসার খবর দলের তরফে জানানো হলেও, কোনও বিধায়করাই উপস্থিত ছিলেন না। দিলীপ ঘোষ আসার কিছুক্ষণ আগেই বেরিয়ে যান সাংসদ মনোজ টিগ্গা। ফলে শুভেন্দুর পরিষদীয় দল এদিন দিলীপ ঘোষকে কার্যত এড়িয়ে গেল কী না, তা নিয়ে জল্পনা শুরু হয়েছে। আর সেই জল্পনায় সিলমোহর দিয়েছেন শুভেন্দু ঘনিষ্ঠ বিজেপি বিধায়ক অশোক দিন্দা। নাম না করে দিলীপকে নিশানা করে অশোক দিন্দার বক্তব্য, "হেরে যাওয়ার পর অনেকে অনেক কিছু বলেন। জো জিতা ওহি সিকান্দার। কে কীভাবে জিতল, কে কেন জিতল না, কে কাঠি করল ওসব কথাবার্তার কোনও মূল্য নেই। পাবলিককে গরম করে কোনও লাভ নেই। আপনাকে মানুষ ভোট দেয়নি, এটা মেনে নিয়ে আগামী দিনে সংগঠনে মন দিতে হবে।" শুভেন্দু ঘনিষ্ঠ ময়নার বিধায়ক এদিন যেভাবে দিলীপকে নিশানা করেছেন তাতে দলের মধ্যে অন্তর্দ্বন্দ্ব আবার সামনে চলে এসেছে। দিলীপ ও শুভেন্দু শিবিরের মধ্যে ফাটল আরও চওড়া হল বলেই মনে করা হচ্ছে।

## অতিপ্রাচীন লোকাচারের সঙ্গে নাকি এর যোগসূত্র আছে জামাইষষ্ঠী



মৃত্যুঞ্জয় সরদার

(তৃতীয় পর্ব)



আদরযত্নে মা ষষ্ঠী এলেন কোথা থেকে? এ একটা বড় ইতিহাস বটে। জহর সরকারের অভিমত এ বিষয়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ--- " মা ষষ্ঠী নিছক বাংলার এক গ্রামদেবী নন, শীতলা ও মনসার মতোই তিনিও ভারতের নানা অঞ্চলে পূজিত হন। এক শতাব্দী আগে উইলিয়ম ক্রুক লিখেছিলেন, 'লোকসমাজে প্রচলিত নানা প্রথা ও রীতি নিয়ে যত চর্চা করা যায়, ততই হিন্দুধর্মের উত্সের কাছে পৌঁছনো যায়।' আশুতোষ ভট্টাচার্য লোকায়ত ধর্ম নিয়ে বিস্তর কাজ করেছিলেন। তাঁর মতে, ষষ্ঠী হলেন প্রসূতি এবং শিশুর রক্ষয়িত্রী। অন্য দিকে, নৃতত্ত্ব ও ইতিহাসের পণ্ডিত সুধীর রঞ্জন দাস এই অভিভাবক দেবীর জনজাতীয় উত্সের সন্ধান করেছিলেন। আবার হরপ্পাতেও প্রাগৈতিহাসিক এমন দেবীমূর্তি পাওয়া গেছে, যা দেখে নৃতত্ত্ববিদরা মনে করেছেন, সিন্ধু সভ্যতাতেও ষষ্ঠীর আরাধনা চলত। এটা মানলে তো আমরা সোজা চার হাজার বছর পিছিয়ে যেতে পারি এবং সে ক্ষেত্রে আমাদের মতো লোভী জামাইদের এই গ্রাম্য দেবীটিকে আর একটু শ্রদ্ধার চোখে দেখা উচিত। তবে এ বিষয়ে কোনও সন্দেহ নেই যে, সন্তান জন্মের সঙ্গে প্রাচীন লোকবিশ্বাসে 'ম্যাজিক'-এর যে যোগাযোগ ছিল, ষষ্ঠীর পুজো তার অনুসারী। জন মারডক, সি এইচ বাক-এর মতো গবেষকরা দেখিয়েছেন, ভারতের বিভিন্ন অঞ্চলে কী ভাবে মেয়েরা ষষ্ঠী বা তাঁর অনুরূপ দেবীর আরাধনা করতেন। উইলিয়ম জোনস

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## লোকসভা উপনির্বাচনে কেরালের ওয়েনাড আসনে প্রার্থী হচ্ছেন প্রিয়াঙ্কা! জল্পনা তুঙ্গে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা উপনির্বাচনে কেরালের ওয়েনাড আসন থেকে কংগ্রেসের প্রার্থী হতে পারেন প্রিয়াঙ্কা গান্ধী ভদরা। এমনটাই জল্পনা ছড়িয়েছে। সদ্য শেষ হওয়া লোকসভা নির্বাচনে কেরালের 'ওয়েনাড' কেন্দ্রের পাশাপাশি উত্তরপ্রদেশের 'রায়বেরেলি' কেন্দ্র থেকে নির্বাচনে লড়েছিলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। দুটি কেন্দ্র থেকেই সাড়ে তিন লাখের বেশি ভোট পেয়ে তিনি বিজয়ী হয়েছেন। এ ক্ষেত্রে একটি আসন নিজের দখলে রেখে আরেকটি আসন থেকে পদত্যাগ করতে হবে।



ভারতীয় আইন অনুযায়ী, একজন প্রার্থী একের বেশি লোকসভা আসন থেকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারলেও জয়ের পর একটি আসনে নিজের কাছে ধরে রাখতে পারেন। ভোট গণনার দিন থেকে ১৪ দিনের মধ্যে দ্বিতীয় আসনটি থেকে ইস্তফা দিতে হয়। অন্যথায় দুটি আসনই ফাঁকা বলে ঘোষণা করা হবে। গত ৪ জুন ভারতের লোকসভা নির্বাচনে ফলাফল ঘোষিত হয়। সেক্ষেত্রে ১৮ জুনের মধ্যে রাহুলকে একটি কেন্দ্র থেকে ইস্তফা দিতে হবে। শোনা যাচ্ছে 'রায়বেরেলি' আসনটি নিজের কাছে রেখে 'ওয়েনাড' কেন্দ্রটি থেকে ইস্তফা দিতে পারেন রাহুল। সেক্ষেত্রে ফের ওই কেন্দ্রে উপনির্বাচন হওয়ার সম্ভাবনা। আর ওই কেন্দ্র থেকেই এবার উপনির্বাচনে কংগ্রেসের প্রার্থী হতে পারেন প্রিয়াঙ্কা গান্ধী। আর তাই যদি হয়, ওয়েনাড কেন্দ্রে নির্বাচনে হাতেখড়ি হতে চলেছে প্রিয়াঙ্কার। বুধবারই কেরল প্রদেশ কংগ্রেস কমিটির প্রধান কে. শুধাকরণ ইঙ্গিত দিয়েছেন, ওয়েনাড কেন্দ্র থেকে রাহুল গান্ধী পদত্যাগ করতে পারেন।

শুধাকরণ জানান, যেখানে রাহুল গান্ধীকে জাতির নেতৃত্ব দেওয়ার কথা, তিনি ওয়েনাড কেন্দ্রে পড়ে থাকবেন বলে আশা করা যায় না। তাই এ ব্যাপারে আমাদের দুঃখ করা উচিত নয়। প্রত্যেকেরই এটি বোঝা উচিত এবং তাকে তাদের সমস্ত শুভেচ্ছা এবং সমর্থন দেওয়া উচিত।

রাহুল নিজেও জানিয়েছেন, এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণে খুবই দ্বিধায় রয়েছেন। যদিও তার দলের সমর্থকদের উদ্বিগ্ন না হওয়ার আহ্বান জানিয়েছেন। বুধবার ওয়েনাড এলাকায় একটি প্রকাশ্য সমাবেশে রাহুলকে বলতে শোনা যায়,'আপনারা উদ্বিগ্ন হবেন না। আমার সিদ্ধান্তে ওয়েনাড ও রায়বেরেলির মানুষ খুশিই হবেন।'

এদিকে বিভিন্ন গণমাধ্যমে খবর প্রকাশ হয়েছে, ওয়েনাড কেন্দ্রের একাধিক জায়গায় ইতিমধ্যে প্রিয়াঙ্কার সমর্থনে পোস্টার পড়েছে। পোস্টারে প্রিয়াঙ্কাকে এলাকাবাসীর দায়িত্ব গ্রহণের আহ্বান জানানো হয়েছে।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তিনি ছিলেন তাঁর বাবা-মায়ের ৪র্থ পুত্র।লোকনাথের জন্মস্থান নিয়ে; শিষ্যদেরও ভেতরে বিতর্ক আছে। নিত্যগোপাল সাহা এ বিষয়ে হাইকোর্টে মামলা করেন ও আদালতের রায় অনুযায়ী; তার জন্মস্থান কচুয়া বলে চিহ্নিত হয়। যদিও অনেকে মনে করেন তার জন্মস্থান; বর্তমান উত্তর ২৪ পরগণার চৌরাশি চাকলা গ্রামে; যা এখন চাকলাধাম নামে লোকনাথ ভক্তদের নিকট পরিচিত।

ক্রমশঃ

## পুতিনের প্রস্তাবকে 'অপমানকর' বলল ইউক্রেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেনে যুদ্ধবিরতির সংলাপ শুরুর জন্য জন্য নতুন দুটি শর্ত দিয়েছেন। প্রথম শর্ত রাশিয়া ইউক্রেনের যে চার প্রদেশ নিজের সীমানাভুক্ত করেছে, কিয়েভকে সেই প্রদেশগুলো থেকে নিজেদের সেনা সরিয়ে নিতে হবে। দ্বিতীয় শর্ত ন্যাটোর সদস্যপদের জন্য আর তদবির করবে না কিয়েভ, অবশ্যই এই ঘোষণা দিতে হবে।

ইউক্রেন পুতিনের প্রস্তাবকে 'অপমানকর' বলে মন্তব্য করেছে। শুক্রবার রাশিয়ার প্রেসিডেন্টের কার্যালয় ক্রেমলিনে পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ এবং অন্যান্য রুশ কূটনীতিকদের সঙ্গে এক বৈঠকে পুতিন বলেন, 'আমাদের অবস্থান পরিষ্কার। যে মুহূর্তে কিয়েভ (চার প্রদেশ থেকে) সেনা প্রত্যাহার এবং ন্যাটোতে যোগদানের জন্য আর চেষ্টা করবে না বলে ঘোষণা দেবে, ঠিক তখন থেকে আমরা কিয়েভের সঙ্গে শান্তি আলোচনা এবং ইউক্রেনে যুদ্ধবিরতির প্রস্তুতি নেওয়া শুরু করব।'

জবাবে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি উপদেষ্টা মিখাইলো পদোলিয়াক সামাজিক যোগাযোগ মাধ্যমে লেখেন, 'এটা সম্পূর্ণ লজ্জা। বরাবরের মতো এবারও। মোহ থেকে মুক্ত হোন এবং রাশিয়ার প্রস্তাবকে গুরুত্বের সঙ্গে নেওয়া বন্ধ করুন। রাশিয়ার প্রস্তাব সাধারণ অর্থেই অপমানকর।'

অবশ্য ইউক্রেন আনুষ্ঠানিকভাবে পুতিনের প্রস্তাবের জবাব দেয়নি।

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি এখন ইতালিতে আছেন। সেখানে বিশ্বের শিল্পোন্নত সাত দেশের জোট জি-৭ এর শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। এই সম্মেলন থেকে ইউক্রেনে আরও ৫ বিলিয়ন ডলার সহায়তা ঘোষণা করা হয়েছে। জেলেনস্কি এই বৈঠক থেকে আরও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত প্রত্যাশা করছেন।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

cinema TV

## সায়নীর জয়ে বিস্মিত শ্রীলেখা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতের লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গের যাদবপুর কেন্দ্রে বিপুল ভোটে জয়ী হয়েছেন অভিনেত্রী সায়নী ঘোষ। এ অভিনেত্রীর জয় নিয়ে গণমাধ্যম থেকে শুরু করে সামাজিক যোগাযোগ মাধ্যম চলছে আলোচনা-সমালোচনা।

এদিকে লোকসভা নির্বাচনের ফল হতাশ করেছে অভিনেত্রী শ্রীলেখা মিত্রকে। যদিও তার চোখে, এই বাংলার সব থেকে বড় প্রহসন রাজনীতি এবং নির্বাচন। শিক্ষা, মননশীলতা যে বাঙালির পরিচয়, সেই বাঙালির এমন 'অবনমন' মেনে নিতে পারছেন না তিনি। পাশাপাশি সায়নীকে নিয়ে এবার কথা বললেন এ অভিনেত্রী।

৪ জুন ভারতীয় গণমাধ্যমে এক সাক্ষাৎকারে শ্রীলেখা মিত্র বলেন, 'শিক্ষিত মানুষ দীপ্সিতা ধরকে পছন্দ করছেন না! এটা মেনে নিতে সত্যিই কষ্ট হচ্ছে।'

তবে এত কিছুর পরও সংগঠন নিয়ে আশাবাদী এ অভিনেত্রী। তার প্রমাণ তিনি রেখেছেন সামাজিক যোগাযোগ মাধ্যমেই। একটি বিশেষ ভক্তদের মাঝে শেয়ার করেছেন। যেখানে কাস্তে-হাতুড়ি-তারা প্রতীকের পাশে দৃঢ় হরফে লেখা, 'এ হৃদয় দপ্তর পাল্টাচ্ছে না।'

এবারের নির্বাচনের ফলাফল বিস্মিতও করেছে শ্রীলেখা মিত্রকে। সায়নী ঘোষ, কল্যাণ বন্দ্যোপাধ্যায়, দেবাংশু ভট্টাচার্য, রচনা বন্দ্যোপাধ্যায়ের ফলাফল দেখে এমনই জানিয়েছেন।

গত লোকসভা নির্বাচনে যাদবপুর কেন্দ্র থেকে মিমি চক্রবর্তী তৃণমূল থেকে নির্বাচন করে ভোটে জিতে ছিলেন। এবার তৃণমূল থেকে নির্বাচন করে সায়নী ঘোষ এক লক্ষেরও বেশি ভোটে এগিয়ে হয়েছে। শ্রীলেখা বুঝেই উঠতে পারছেন না, যে কোনও প্রার্থী তৃণমূলের হয়ে নির্বাচনে দাঁড়ালেই যাদবপুর লোকসভায় জিতে যান কী করে?

তবে হতাশ হলেও এই ফল যে একেবারেই অপ্রত্যাশিত ছিল তা নয় এমনটা জানিয়েছেন শ্রীলেখা। সদ্য সুধীর মিশ্রর সঙ্গে শুটিং করে কলকাতায় ফিরেছেন তিনি। তার দাবি, অন্য রাজ্য অন্য শহরেও বাংলাকে নিয়ে গুঞ্জন রয়েছে। সেখানে সকলেই বুঝতে পারেন, এ রাজ্যের বর্তমান পরিস্থিতি ভালো না। সত্যিই এখানে সৎ ভাবে কাজ পাওয়া যায় না।



## চড়কাণ্ডে কঙ্গনার পাশে হৃতিক!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বরাবরই তিনি বিতর্কের রানি হয়ে বলিউড জমিয়ে রেখেছেন। শুরুটা হয়েছিল হৃতিক রোশনের সঙ্গে প্রেমের দাবি তুলে। সেই প্রেম বিতর্কে হৃতিক রোশন অনেকটাই নাজেহাল হয়েছেন। নায়িকার সঙ্গে ঘটিয়েছেন প্রফেশনাল সম্পর্কের ইতি। বিষয়টি গড়িয়েছে আদালত পর্যন্ত। এরপর অবশ্য কঙ্গনার বিতর্ক মন্তব্য ক্রমশ ছড়িয়েছে সমাজ, ধর্ম, রাজনীতি, স্বজনপ্রীতিসহ নানা বিষয়ে। সদ্য সমাপ্ত ভারতের নির্বাচনেও সবচেয়ে বড় শিরোনাম কিংবা বিতর্কের রানি হয়ে ধরা দিলেন এই বলিউড কুইন! প্রথমবার সংসদ সদস্য হিসেবে বিজয় ঘরে তুলেও ফিরতি পথে বিমানবন্দরে চড় খেয়ে বসলেন এক নিরাপত্তার কাজে নিয়োজিত জওয়ানের হাতে। সেই চড়কাণ্ডে বলিউড টু দিল্লি নড়েচড়ে বসেছিল। কঙ্গনার পক্ষে-বিপক্ষে উঠেছিল নানা প্রতিক্রিয়া। সেই প্রতিক্রিয়ার ঝড়ে কঙ্গনার পাশে সব অভিমান-ক্ষোভ ভুলে অনেকটা নীরবে দাঁড়িয়ে গেলেন প্রাক্তন প্রেমিক হৃতিক! কঙ্গনা অবশ্য এখন শুধুই অভিনেত্রী নন, ভারতের মান্ডির সংসদ সদস্য। আর তাই কি পুরনো দ্বন্দ্ব ভুলে চড়কাণ্ডে 'কুইন'-এর পাশে দাঁড়ালেন বলিউডের 'গ্রিক গড'! এমনই প্রশ্ন এখন ভাসছে অন্তর্জালে।

সাংবাদিক ফায়ে ডি'সুজা নিজের ব্যক্তিগত ইনস্টাগ্রামে একটা পোস্ট শেয়ার করে কঙ্গনাকে চড় মারার ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন। তিনি লিখেছেন, 'বিমানবন্দরে সংসদ সদস্য কঙ্গনাকে চড় মারার পরিপ্রেক্ষিতে বলছি, হিংসা কখনোই উত্তর হতে পারে না। বিশেষ করে আমাদের দেশে তো নয়ই, যেখানে গান্ধীর অহিংসার আদর্শ রয়েছে। কারো মতামত এবং বিবৃতির সঙ্গে আমাদের দ্বিমত থাকতেই পারে, তবে সহিংসতার পথে আমরা তার প্রতিক্রিয়া জানাতে পারি না। এটাকে প্রশ্রয় দেয়া উচিত নয়। কারণ, এটা বিপজ্জনক। নিরাপত্তার ইউনিফর্ম পরে কেউ কীভাবে সহিংসতার পথে প্রতিক্রিয়া দেখাতে পারেন! ভাবুন তো, গত দশ বছরে আমরা যারা ক্ষমতা নিয়ে প্রশ্ন তুলেছি তারা যদি বিমানবন্দরে সেই ক্ষমতার সঙ্গে একমত কনস্টেবলদের দ্বারা আক্রান্ত হই!'

সাংবাদিক ফায়ে ডি'সুজার এই পোস্টে লাইক দিয়েছেন হৃতিক রোশন। পুরনো তিক্ততা ভুলে হৃতিকের এভাবে কঙ্গনার পাশে দাঁড়ানোয় অবাক নেটাগরিকরা। তবে শুধু হৃতিক রোশনই নন, 'বলিউড মাফিয়া' করণ জোহর শিবিরের সদস্য বলে কঙ্গনা যাকে বারবার আক্রমণ করেছেন, সেই আলিয়া ভাটও এই পোস্টে লাইক দিয়েছেন।

এদিকে কঙ্গনাকে চড় মারার ঘটনার প্রতিবাদ জানিয়ে আগেই তার পাশে দাঁড়িয়েছেন শাবানা আজমি, অনুপম খের, শেখর সুমনরা। বলা ভালো, ব্লকবাস্টার ছবি 'কৃষ-৩' ও 'কাইট'-এর মতো ছবিতে হৃতিক রোশনের সঙ্গে কাজ করেছেন কঙ্গনা। সেসময় তাদের প্রেমের গুঞ্জন শোনা গিয়েছিল। যদিও সে প্রেমের কথা কোনোদিনই মনে নেননি হৃতিক। তবে কঙ্গনার দাবি ছিল, হৃতিক তার সঙ্গে সম্পর্কে ছিলেন।

## শেক্সপিয়ারের ৪২০ বছর আগের নাটক আসছে বড়পর্দায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কলকাতার মঞ্চে সাড়া তোলা নাটক 'অথৈ'-কে রূপ দেওয়া হলো চলচ্চিত্রে। মুক্তির এক সপ্তাহ আগে সিনেমার ট্রেইলার ছেড়েছেন পরিচালক অর্ণ মুখোপাধ্যায়। উইলিয়াম শেক্সপিয়ারের ওথেলো অবলম্বনে তৈরি 'অথৈ'-কে সিনেমার পর্দায় আনার কাজ শুরু হয়েছিল কয়েক মাস আগে। বিশ্বাস-অবিশ্বাসের দ্বন্দ্ব এই সিনেমার মূল উপজীব্য। পরিচালক অর্ণ বলেছেন, আনুমানিক ১৬০৩ সালে লেখা এই নাটকটি প্রায় ৪২০ বছর পর আসছে বাংলা চলচিচত্রে, চিত্রনাট্যে চেষ্টা করা হয়েছে মানুষের মনের গভীরের অনুভূতিকে নাড়া দেওয়ার। তিনি বলেন, "আজকের যুগের ভালোবাসা, ঈর্ষা, উচ্চাকাঙ্ক্ষার মত বিষয়গুলো নিয়ে দর্শকরা যেন আলোচনা করেন, সেটাই আমাদের মূল লক্ষ্য।" 'অথৈ' সিনেমায় অভিনয় করেছেন সোহিনী সরকার, অনির্বাণ ভট্টাচার্য এবং অর্ণ নিজেও। আগামী ১৪ জুন মুক্তি পাবে 'অথৈ'।

## কঙ্গনা খেয়েছেন, সোহম দিয়েছেন: চড়কাণ্ডে উত্তাল ভারতের রাজনীতি-বিনোদন অঙ্গন



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতীয় অভিনেত্রী ও কেন্দ্রীয় সংসদ সদস্য কঙ্গনা রানাওয়াত বিমানবন্দরে নারী নিরাপত্তা কর্মীর হাতে চড় খেয়েছেন। সে নিয়ে আলোচনায় উত্তাল ভারতের রাজনীতি ও বিনোদন অঙ্গন। এর মাঝেই চড়কাণ্ডে জড়ালেন পশ্চিমবঙ্গের বিধায়ক ও অভিনেতা সোহম চক্রবর্তী।

তৃণমূল কংগ্রেস বিধায়ক সোহম চক্রবর্তীর বিরুদ্ধে কলকাতার কাছেই নিউটনের এক হোটেল মালিককে মারধরের অভিযোগ উঠেছে। এই ঘটনায় পরে অবশ্য ক্ষমা চেয়েছেন সোহম। জনপ্রতিনিধি হিসেবে এভাবে মেজাজ হারিয়ে কারও গায়ে হাত তোলা উচিত হয়নি বলে স্বীকার করলেন তিনি।

শুক্রবার রাতে নিউটাউনের এক রেস্তোরাঁ মালিকের গায়ে হাত তোলার অভিযোগ ওঠে সোহমের বিরুদ্ধে। শনিবার দুপুরে ক্ষমা চেয়ে সোহম বলেন, ওঅভিষেক ব্যানার্জির নামে গালিগালাজ করায় আমার মাথা গরম হয়ে গিয়েছিল। আমাকে ও আমার দেহরক্ষীকেও কটূক্তি করা হয়। কিন্তু একজন জনপ্রতিনিধি হিসেবে এমন কাজ করা উচিত হয়নি। আমার ভুল হয়েছে।'

শুক্রবার সন্ধ্যায় নিউটাউন সাপুরজি এলাকার একটি রেস্টুরেন্টে শুটিং চলছিল সোহম চক্রবর্তীর। সেই রেস্টুরেন্টের সামনেই তার গাড়িটি রাখা ছিল। এই গাড়ি রাখাকে কেন্দ্র করেই গন্ডগোলের সূত্রপাত। জানা যায় রেস্টুরেন্টের মালিক আনিসুর আলাম বেরিয়ে এসে হোটেলের সামনে রাখা গাড়ি সরাতে বলেন, সে নিয়ে সোহমের নিরাপত্তা রক্ষীদের সাথে মালিকের কথা কাটাকাটি শুরু হয়। নিরাপত্তা রক্ষীরা জানায় এটি বিধায়ক সোহম চক্রবর্তীর গাড়ি। যদিও হোটেলের মালিক বিধায়কের গাড়ি সরানোর দাবি জানাতে থাকে। এরপরই নিরাপত্তা রক্ষীদের সাথে ঝামেলা শুরু হয়। চিৎকার চেঁচামেচি দেখে সোহম নিচে নেমে আসেন। সোহমের অভিযোগ তার দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জির নামে ওই হোটেলের মালিক গালাগালি করছিলেন। তারই প্রতিবাদ করার সময় দুই পক্ষের মধ্যে বচসার সৃষ্টি হয়। একসময় সোহম ওই হোটেল মালিককে বেশ কয়েকটি চড় মারেন। সোহম নিজেও চড় মারার বিষয়টি স্বীকার করেছেন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান বিধান নগর পুলিশ কমিশনারেটের অধীন টেকনোসিটি থানার পুলিশ। সোহমের বক্তব্য শুটিং চলাকালীন সময়ে চিৎকারে চেঁচামেচি শুনে আমি নিচে নেমে আসি এবং বিষয়টি জানতে চাই। পরে জানলাম হোটেল মালিক আমার নিরাপত্তারক্ষীদের সাথে বাজে ব্যবহার করেছে, আমাকে গালিগালাজ করেছে, এমনকি আমার দলের নেতা অভিষেক ব্যানার্জিকে উদ্দেশ্য করে বাজে কথা বলেছেন। তখনই আমার মাথা গরম হয়ে যায় এবং আমিও হোটেল মালিককে দুই-চারটে চড় মারি।' এনিয়ে হোটেল মালিকের দাবি, তিনি নিউটাউন থানায় অভিযোগ জানাতে গেলে তাকে দিয়ে পুলিশ জোর করে লিখিয়ে নেয়, তার কোন অভিযোগ নেই। রেস্তোরাঁ বালিকার আরো দাবি তার হোটেল ব্যবসা ও গুটিয়ে দেওয়ার হুমকি দিয়েছেন সোহম ও তার অনুগামীরা। সোহমের এমন কাণ্ডে রাজনীতিক মহল থেকে বিশিষ্টজন, বিনোদন অঙ্গনের মানুষ ও নেটিজেনরা নানা রকম মন্তব্য করছেন।

## রণবীরের আরো কাছে এলেন তৃপ্তি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ১৪ কোটি টাকা দিয়ে রণবীর কাপুরের কাছাকাছি বাংলো কিনে পর্দা থেকে একেবারে প্রতিবেশী হলেন তৃপ্তি ডিমরি। মুম্বাইয়ে বান্দ্রার পশ্চিমে থাকেন বলিউড তারকারা। সেখানেই ২২২৬ বর্গফুট জায়গাজুড়ে ৪ তলার বাংলো তৃপ্তির।

শাহরুখ খান, সালমান খান থেকে শুরু করে প্রবীণ অভিনেত্রী রেখার বাংলো ওই চত্বরেই। আলিয়া-রণবীরও বাসা বেঁধেছেন সেখানে। 'অ্যানিমেল' ছবিতে 'জয়া'র চরিত্রে অভিনয় করে রাতারাতি সাফল্যের চূড়ায় পৌঁছেছেন অভিনেত্রী। সেই সাফল্য থেকেই হয়ত এমন পদক্ষেপ।

চলতি মাসের ৩ তারিখে চুক্তিপত্রে সই করেন তৃপ্তি। জানা গেছে, সেই সময় ৭০ লাখ টাকার স্ট্যাম্প ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৩০ হাজার টাকা দিয়েছিলেন অভিনেত্রী। 'অ্যানিমেল' ছবিতে রণবীরের সঙ্গে তার উষ্ণ রসায়ন ও সাহসী দৃশ্যে অভিনয় 'জাতীয় ক্রাশ'র তকমা এনে দিয়েছিল তৃপ্তিকে।

আগামী দিনে বেশ কয়েকটি ছবি রয়েছে তৃপ্তির ঝুলিতে। 'ভিকি বিদ্যা কা ও ওয়ালা ভিডিয়ো' ছবিতে রাজকুমার রাওয়ের সঙ্গে জুটি বাঁধবেন তিনি। কার্তিক আরিয়ান ও বিদ্যা বালানের সঙ্গে 'ভুল ভুলাইয়া ৩' ছবির শুটিং শুরু হয়েছে ইতোমধ্যে। এছাড়া করণ জোহরের পরিচালনায় 'ব্যাড নিউজ' ছবিতে ভিকি কৌশল ও অ্যামি বির্কের সঙ্গে দেখা মিলবে অভিনেত্রীর। এখানেই শেষ নয়, 'ধড়ক ২' ছবিতে সিদ্ধার্থ চতুর্বেদীর সঙ্গে অভিনয় করবেন তিনি।

## একা কিছুই করতে পারবেন না বেলিংহ্যাম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুর্দান্ত ছন্দে থাকা জুড বেলিংহ্যামকে ঘিরে স্বপ্ন বুনছে ইংল্যান্ড। ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে রিয়াল মাদ্রিদের তারকা এই মিডফিল্ডারের কাছে প্রত্যাশা তাই আকাশচুম্বি। দলটির প্রধান কোচ গ্যারেথ সাউথগেট অবশ্য চোখ রাখছেন বাস্তবতায়। তার মতে, একা কিছুই করতে পারবেন না বেলিংহ্যাম। ইউরো জিততে দল হিসেবে খেলতে হবে তাদের।

এবারের মৌসুমটা দুর্দান্ত কেটেছে বেলিংহ্যামের। রিয়াল মাদ্রিদের লা লিগা ও চ্যাম্পিয়ন্স লিগ জয়ে বড় অবদান রেখেছেন তিনি। সব প্রতিযোগিতা মিলিয়ে ইউরোপের সফলতম ক্লাবটির হয়ে ৪২ ম্যাচে ২৩ গোল করেছেন ইংলিশ ফুটবলার। অ্যাসিস্ট করেছেন ১৩টি।

ইংল্যান্ডের হয়ে সবশেষ গত মার্চে মাঠে নামেন বেলিংহ্যাম। এবারের ক্লাব মৌসুম শেষে জাতীয় দলের সঙ্গে শুরুতে যোগ দেননি তিনি। তাকে সতেজ হয়ে ফিরতে সপ্তাহখানেকের জন্য বিশ্রাম দেয় ইংল্যান্ড। এতে ইউরোর আগে দলের শেষ দুই প্রস্তুতি ম্যাচ খেলতে পারেননি ২০ বছর বয়সী এই ফুটবলার।

বসনিয়াকে ৩-০ গোলে হারানো ইংল্যান্ড দ্বিতীয় প্রীতি ম্যাচে গত শুক্রবার হেরে যায় আইসল্যান্ডের বিপক্ষে ১-০ গোলে। ওয়েম্বলিতে ওই ম্যাচের পর ব্রিটিশ সাংবাদিকদের মুখোমুখি হয়ে সাউথগেট বলেন, বেলিংহ্যাম একাই যে সব করে দেবে তা কিন্তু নয়। ইউরোতে সাফল্য পেতে হলে দলের সবাইকে রাখতে হবে অবদান।

ইংল্যান্ড কোচ বলেন, "আমরা জুডের ওপর সব কিছু চাপিয়ে দিচ্ছি না। আমাদের অনেক ভালো খেলোয়াড় আছে এবং এই টুর্নামেন্ট জেতার চেষ্টা করার ব্যাপারটি হতে হবে সম্মিলিত।"

সাউথগেট জানান, "আমরা যদি একজনের ওপর ভরসা করি, তাহলে জিততে পারব না। আমি নিশ্চিত যে সে দলকে বাড়তি শক্তি যোগাবে, তবে এটি (দলকে জেতানোর) করার দায়িত্ব তার একার নয়। আমাদের সবার মনোযোগ ঠিক রাখতে হবে, ব্যক্তিগতভাবে আমাদের মানসিকতা ঠিক আছে কিনা সেটা নিশ্চিত করতে হবে।"

সার্বিয়ার বিপক্ষে ম্যাচ দিয়ে আগামী ১৬ জুন ইউরো অভিযান শুরু করবে গত আসরের রানার্স আপ ইংল্যান্ড। 'সি' গ্রুপের তাদের অন্য দুই প্রতিপক্ষ ডেনমার্ক ও স্লোভেনিয়া।

# ইউরো মিশনে নামার আগে ফরাসিদের আত্মবিশ্বাসে আঘাত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৩৮ বছর পর ফ্রান্সের মুখোমুখি হয়ে চমক দেখাল কানাডা। রক্ষণ জমাট রেখে প্রথমবারের মতো ফরাসিদের রুখে দেওয়ার তৃপ্তি নিয়ে মাঠ ছাড়ল তারা। ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের মুকুট পুনরুদ্ধারের মিশনে নামার আগে ফরাসিদের আত্মবিশ্বাসে লাগল কিছুটা চোট।

বোর্দোয় ০৯ জুন রাতের প্রীতি ম্যাচে ফ্রান্সকে গোলশূন্য ড্রয়ে রুখে দিয়েছে কানাডা। এই দুই দল প্রথম ও সবশেষ মুখোমুখি হয়েছিল ১৯৮৬ বিশ্বকাপের গ্রুপ পর্বে। মেক্সিকো আসরের সেই দেখায় ১-০ গোলে জিতেছিল ফরাসিরা।

কিলিয়ান এমবাপেকে বেঞ্চে রেখে খেলতে নামা ফ্রান্স ভুগতে থাকে শুরু থেকে। প্রথমার্ধে শাণানো ছয়টি আক্রমণের তিনটি লক্ষ্যে রাখতে পারলেও জালের দেখা পায়নি তারা। অন্যদিকে, কানাডা লক্ষ্যেই রাখতে পারেনি কোনো শট।

অষ্টম মিনিটে এনগোলো কঁতের দূরূহ কোণ থেকে নেওয়া শট আটকান কানাডা গোলরক্ষক। পরের মিনিটে মার্কাস থুরামের প্রচেষ্টাও পেরোতে পারেনি গোলরক্ষকের বাধা। ১৯তম মিনিটে আরেকটি সুযোগ পায় ফরাসিরা। কিন্তু উইলিয়াম সালিবার বাড়ানো বল ধরে আঁতোয়ান গ্রিজমানের বাম পায়ের শট রুখে দেন ম্যাক্সিমে। বিরতির আগে কানাডা গোলরক্ষকের আর কোনো পরীক্ষা নিতে পারেনি ফ্রান্স।

দ্বিতীয়ার্ধের শুরুতে দুর্ভাগ্যের শিকার হয় কানাডা। লিয়াম মিলারের বক্সের বাইরে থেকে নেওয়া শট ক্রসবার কাঁপিয়ে ফেরে। একটু পর গ্রিজমানের ক্রসে অলিভিয়ে জিরুর হেড প্রতিহত হলে গোল পাওয়া হয়নি ফ্রান্সেরও।

আক্রমণের ধার বাড়াতে ৭৪তম মিনিটে উসমান দেম্বেলেকে তুলে এমবাপেকে নামান কোচ দিদিয়ে দেশম। ৮৭তম মিনিটে বক্সের বাইরে থেকে দূরপাল্লার শটে চেষ্টা করেছিলেন এমবাপে, কিন্তু বল উড়ে যায় ক্রসবারের অনেক ওপর দিয়ে।

যোগ করা সময় সতীর্থের বাড়ানো বল এমবাপে নিয়ন্ত্রণে নিলেও গোলরক্ষক পোস্ট ছেড়ে বেরিয়ে এসে পথ আগলে দাঁড়ান। ফলে আর শটই নিতে পারেননি সম্প্রতি রেয়াল মাদ্রিদে যোগ দেওয়া এই ফরোয়ার্ড। শেষের বাঁশি বাজার আগ মুহূর্তে এমবাপের আরেকটি প্রচেষ্টা লক্ষ্যভ্রষ্ট হলে ড্র নিয়ে মাঠ ছাড়তে হয় ফ্রান্সকে।

আগামী ১৭ জুন অস্ট্রিয়ার বিপক্ষে ম্যাচ দিয়ে ইউরোয় 'ডি' গ্রুপে নিজেদের যাত্রা শুরু করবে প্রতিযোগিতার দুইবারের চ্যাম্পিয়ন ফ্রান্স। গ্রুপের অন্য দুই দল পোল্যান্ড ও নেদারল্যান্ডস। অন্যদিকে, তারকাসমৃদ্ধ দুইবারের বিশ্ব চ্যাম্পিয়নদের বিপক্ষে এই ফল কোপা আমেরিকার আগে কানাডার আত্মবিশ্বাস বাড়াবে নিশ্চয়। আসছে কোপা আমেরিকায় 'এ' গ্রুপে তাদের তিন প্রতিপক্ষ আর্জেন্টিনা, পেরু ও চিলি।

# ডি মারিয়ার গোলে আর্জেন্টিনার জয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোপা আমেরিকার আগে প্রথম প্রস্তুতি ম্যাচে সোমবার ভোরে ইকুয়েডরের মুখোমুখি হয় আর্জেন্টিনা। এই ম্যাচে ১-০ গোলে জয় পেয়েছে কোপার বর্তমান চ্যাম্পিয়নরা। দলকে নেতৃত্ব দিয়েছেন ডি মারিয়া। যুক্তরাষ্ট্রের শিকাগোতে পুরো ম্যাচে আধিপত্য দেখিয়ে খেলেছে আলবিসেলেস্তারা। ম্যাচের প্রথম হাফেই গোলের দেখা পায় আর্জেন্টিনা। ৪০তম মিনিটে আর্জেন্টিনাকে এগিয়ে দেন এই ম্যাচে অধিনায়কের দায়িত্বে থাকা ডি মারিয়া।

দ্বিতীয় হাফেও গোলের জন্য চেষ্টা করেন মার্টিনেজ-আলভারেজরা, তবে গোলের দেখা মেলেনি। ম্যাচের ৫৬ মিনিটে মারিয়াকে উঠিয়ে নামানো হয় মেসিকে। ম্যাচের আগেই আর্জেন্টাইন কোচ স্ক্যালোনি বলেছিলেন, মেসি ফিট আছেন এবং ইকুয়েডরের বিপক্ষে ম্যাচ খেলবেন। তবে মেসি পুরো ম্যাচ যে খেলবেন না, সেটাও বলেছিলেন তিনি। পুরো ম্যাচে ৬৫ শতাংশ বল ছিল আর্জেন্টিনার দখলে। প্রতিপক্ষের গোল বারে ৯টি শট নিয়েছে তারা।

আগামী ১৫ জুন দ্বিতীয় প্রস্তুতি ম্যাচে গুয়েতেমালার বিপক্ষে খেলবে আর্জেন্টিনা। এরপরই শুরু হবে কোপার মহারণ। বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা উদ্বোধনী দিনেই মাঠে নামবে কানাডার বিপক্ষে।

## বিশ্বকাপে যেখানে সবার ওপরে সাকিব, যে রেকর্ড কেবল তারই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সাকিব আল হাসান চলতি টি-টোয়েন্টি বিশ্বকাপে নেদারল্যান্ডসের বিপক্ষের ম্যাচে অবশেষে স্বরূপে ফিরলেন। বহু প্রতীক্ষার পর হাসলো তার ব্যাট। ৬৪ রানের দারুণ ইনিংস খেলে তিনি সমালোচনার গতিপথ বদলে নিয়েছেন প্রশংসায়। শুধু তাই নয় আরও অনন্য কীর্তি গড়লেন সাকিব।

সাকিবই বর্তমানে একমাত্র ক্রিকেটার যিনি দুই ফরম্যাটের (ওয়ানডে ও টি-টোয়েন্টি) বিশ্বকাপেই কমপক্ষে ৮০০ রান ও ৪০ উইকেট পেয়েছেন।

পাঁচবার ওয়ানডে বিশ্বকাপ খেলে সাকিব করেছেন ১৩৩২ রান। আর সাদা বলের ক্রিকেটের এই দীর্ঘ ফরম্যাটে তিনি শিকার করেছেন ৪৩টি উইকেট। আর দ্বিতীয় ক্রিকেটার হিসাবে (প্রথম জন ভারতের রোহিত শর্মা) সবগুলো টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলা সাকিবের এ ফরম্যাটে করেছেন ৮১৭ রান, উইকেট নিয়েছেন ৪৩টি। এছাড়াও কালকের (নেদারল্যান্ডসের বিপক্ষে) ম্যাচসেরার পুরস্কারটি ছিল আন্তর্জাতিক ক্রিকেট সাকিবের ৪৫তম। এখন পর্যন্ত টেস্টে ৬, ওয়ানডেতে ২৭ ও টি-টোয়েন্টিতে ১২ বার ম্যাচের সেরা খেলোয়াড়ের স্বীকৃতি পেয়েছেন।

এছাড়াও আইসিসি টুর্নামেন্টে বাংলাদেশের সর্বশেষ ১২ জয়ের ৮টিতেই ম্যাচসেরা সাকিব। কাল নেদারল্যান্ডসের বিপক্ষে ম্যাচের আগে, ২০২৩ ওয়ানডে বিশ্বকাপে শ্রীলঙ্কা, ২০২১ টি-টোয়েন্টি বিশ্বকাপে ওমান ও পাপুয়া নিউগিনি, ২০১৯ ওয়ানডে বিশ্বকাপে দক্ষিণ আফ্রিকা, ওয়েস্ট ইন্ডিজ ও আফগানিস্তান এবং ২০১৭ চ্যাম্পিয়নস ট্রফিতে নিউজিল্যান্ডের বিপক্ষে ম্যাচসেরার পুরস্কার উঠেছিল তার হাতে।

বৈশ্বিক টুর্নামেন্টে বাংলাদেশ এখন পর্যন্ত ২৯ ম্যাচ জিতেছে। এর মধ্যে ২৭টিই আন্তর্জাতিক ক্রিকেটে সাকিবের অভিষেকের পর। সব মিলিয়ে বৈশ্বিক প্রতিযোগিতায় সাকিব ম্যাচসেরা হয়েছেন ৯ বার।

# গ্রুপপর্ব থেকেই বিদায় নিলো নিউজিল্যান্ড



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলমান টি-টোয়েন্টি বিশ্বকাপে অন্যতম শক্তিশালী দল আফগানিস্তান। আর কেনই বা রশিদ-নবিদের নিয়ে এত আলোচনা ও প্রতিপক্ষের সমীহ সেটি বাইশগজের পারফরম্যান্সে দেখাচ্ছেন তারা। বিশ্বকাপে হ্যাটট্রিক জয়ে গ্রুপপর্বে এখনও পর্যন্ত অপরাজিত থেকে সুপার এইট নিশ্চিত করেছে যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তান। এর মধ্য দিয়ে বিদায় নিশ্চিত হয়ে গেছে এখনও জয়ের দেখা না পাওয়া নিউজিল্যান্ডের।

উগান্ডা ও নিউজিল্যান্ডকে বড় ব্যবধানে হারানোর পর নিজেদের তৃতীয় ম্যাচে আজ (শুক্রবার) বাংলাদেশ সময় ভোরে পাপুয়া নিউগিনির মুখোমুখি হয় আফগানিস্তান। ত্রিনিদাদের ব্রায়ান লারা স্টেডিয়ামে টস জিতে পাপুয়া নিউগিনিকে ব্যাটিংয়ের আমন্ত্রণ জানায় রশিদ খানরা। নিয়মিত উইকেট হারিয়ে ৯৫ রানের বেশি করতে পারেনি আসাদ ভালারা। সহজ টার্গেট তাড়া করতে নেমে ২৯ বল হাতে রেখেই ৭ উইকেটের জয় নিশ্চিত করেছে আফগানরা।

এর আগে গ্রুপ সি থেকে সুপার এইট নিশ্চিত করেছিল স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজ। এবার দ্বিতীয় ও গ্রুপের শেষ দল হিসেবে শেষ আটে রশিদ খানরা। অবশ্য দুই দলই তিনটি করে জয় পেলেও নেট রানরেটে এগিয়ে থাকায় পয়েন্ট টেবিলের শীর্ষে আছে আফগানিস্তান।

# ইউরোতে নিজেকে মেলে ধরার জন্য মুখিয়ে আছেন পেদ্রি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** একের পর এক চোট হানা দিলেও হাল ছাড়েননি পেদ্রি। কঠোর পরিশ্রম করে গেছেন মৌসুম জুড়ে। সেটার ফলও অবশ্য ধরা দিয়েছে তার হাতে। প্রথমবারের মতো স্পেনের হয়ে গোলের দেখা পেয়েছেন তিনি! বার্সেলোনার এই মিডফিল্ডার এখন মুখিয়ে আছেন ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে নিজেকে মেলে ধরার জন্য।

ইউরোপের শ্রেষ্ঠত্বের লড়াইয়ের আগে শনিবার (০৮ জুন) নর্দার্ন আয়ারল্যান্ডের বিপক্ষে শেষ প্রস্তুতি ম্যাচ খেলে স্পেন। দাপুটে পারফরম্যান্সে প্রতিপক্ষকে ৫-১ গোলে হারায় তারা। দলের এই গোল উৎসবের ম্যাচে দুইবার জালের দেখা পান পেদ্রি। ম্যাচের শুরুতে পিছিয়ে যাওয়া স্প্যানিশদের সমতায় ফেরান তিনি। দ্বাদশ মিনিটে ডি-বক্সের অনেক বাইরে তার আচমকা শট খুঁজে নেয় জাল। স্পেনের হয়ে ২০তম ম্যাচে এসে প্রথম গোলের স্বাদ পেলেন ২১ বছর বয়সী এই ফুটবলার। দলের তৃতীয় গোলটিও করেন তিনি।

এবারের মৌসুমে দুই দফায় হ্যামস্ট্রিংয়ের চোটে পড়েন পেদ্রি। মাঝে পেশির সমস্যায়ও ভুগতে হয় তাকে। চোটের সঙ্গে লড়াই চালিয়ে বার্সেলোনার হয়ে মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ৩৪ ম্যাচ ৪ গোল করেন তিনি, অ্যাসিস্ট পাঁচটি। কঠিন সময় পেছনে ফেলে এখন জাতীয় দলের হয়ে গোল করার উচ্ছ্বাসে ভাসছেন পেদ্রি। ম্যাচ শেষে বললেন, চোখ এখন তার ইউরোতে।

তিনি জানান, "সব কিছুর আগে, আমি এই ম্যাচ নিয়ে খুব খুশি এবং দলের প্রতিক্রিয়া দেখেও। তবে জাতীয় দলের গোলের খাতা খুলতে পেরেও ভীষণ আনন্দিত আমি। এখানে (ঘরের মাঠে) গোল করতে মুখিয়ে ছিলাম। এই মৌসুমে আমি কঠোর পরিশ্রম করেছি। আমার বেশ কয়েকবার চোট পড়তে হয়েছে। তবে সেরে ওঠার জন্য কঠোর পরিশ্রম করেছি। গোল পাওয়ায় মনে হচ্ছে চোট পেছনে ফেলে এসেছি। শারীরিকভাবে আমি খুবই ভালো অনুভব করছি। ইউরোর জন্য মুখিয়ে আছি এবং এখানে খেলতে পেরে খুব খুশি।"

জার্মানিতে অনুষ্ঠেয় এবারের ইউরো শুরু হবে আগামী ১৪ জুন। কঠিন গ্রুপে পড়েছে স্পেন। আগামী শনিবার ক্রোয়েশিয়ার বিপক্ষে ম্যাচ দিয়ে যাত্রা শুরু হবে তাদের। 'বি' গ্রুপে তাদের সঙ্গী গতবারের চ্যাম্পিয়ন ইতালি ও আলবেনিয়াও।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR